


জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষার ১০ বস্তা উত্তরপত্র চুরি

গাজীপুর প্রতিনিধি

২৩ মার্চ ২০২৪, ০৫:৫৪ পিএম



ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ। ছবি: সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষার ১০ বস্তা উত্তরপত্র চুরি হয়েছে। গাজীপুরের ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের কক্ষের তালা ভেঙ্গে সেগুলো চুরি করা হয়।

ওই ঘটনায় গতকাল শুক্রবার অনিক নামের এক ছাত্রকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় চুরি যাওয়া খাতাও উদ্ধার করা হয়।

গতকাল গাজীপুর মহানগর পুলিশের বাসন থানায় অঙ্গাত চোরদের বিরুদ্ধে মামলা দায়ের করেন কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান পরীক্ষক সহযোগী অধ্যাপক ইফফাত আরা।

কলেজ কর্তৃপক্ষ জানায়, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের পাশের স্টোর রুমে রাখা ছিল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২ সালের অনার্স প্রথম বর্ষ রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষার ৩৯ বস্তা উত্তরপত্র। গতকাল দুপুর ২টার দিকে

কলেজের নিরাপত্তা প্রহরীরা অধ্যক্ষকে জানান, স্টোর রুমের তালা ভেঙে কে বা কারা উত্তরপত্র চুরি করেছে। তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে গিয়ে পরীক্ষার ১০ বঙ্গা উত্তরপত্র চুরির বিষয়টি নিশ্চিত হয় কর্তৃপক্ষ।

কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান পরীক্ষক সহযোগী অধ্যাপক ইফফাত আরা বলেন, ‘জুমার নামাজের পর খবর পাই, স্টোর রুমের তালা ভেঙে আমাদের খাতাগুলো নিয়ে গেছে। পরে অবশ্য কেউ একজন অটোরিকশায় করে খাতা পাঠিয়ে দিয়েছে।’

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের অধ্যক্ষ মো. বিএম আব্দুল হাসান বলেন, ‘তাৎক্ষণিকভাবে পুলিশে খবর দেওয়া হয়। তবে পুলিশ ঘটনাস্থল পরিদর্শনে আসলে কলেজেরই এক ছাত্র অটোরিকশায় করে ১০ বঙ্গা খাতা নিয়ে কলেজ ক্যাম্পাসে আসেন। পরে ওই ছাত্রকে পুলিশ আটক করে।’

এ ঘটনার সঙ্গে কারা জড়িত—এ প্রশ্ন করা হলে এড়িয়ে যান কলেজের অধ্যক্ষ। তিনি বলেন, ‘বিষয়টি দারোয়ানরা পুলিশকে অবহিত করেছে। আপনারা থানায় খোঁজ নেন।’

বাসন থানার পরিদর্শক (তদন্ত) রফিকুল ইসলাম বলেন, ‘চুরির ঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে রিমান্ড চেয়ে আদালতে উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে তদন্ত চলছে।’